Royal College of Anaesthetists

Association of Paediatric Anaesthetists of Great Britain and Ireland

# রীজ বেয়ার

## এর অ্যানেস্থেটিক নেওয়ার গল্প

**অ্যানেস্থেটিক নিয়ে অল্পবয়সী শিশুদের জন্য একটি গল্প**




Trusted Information Creator
Patient Information Forum

অপর পৃষ্ঠায় অভিভাবকদের জন্য পরামর্শগুলো পড়ুন




## হাই, আমি রীজ।

গত সপ্তাহে আমি হাসপাতালে অ্যানেস্থেটিক নিয়েছিলাম।

কোনো পরীক্ষা বা অপারেশনের সময় তুমি যাতে কিছু দেখতে, শুনতে বা অনুভব করতে না পারো, সে জন্য ডাক্তার তোমাকে যে ওষুধ দেন সেটাই অ্যানেস্থেটিক। এটা অনেকটা সত্যিকার গভীর ঘুমের মতো।

তোমার যতক্ষণ দরকার হবে ডাক্তার তোমাকে ততক্ষণ অ্যানেস্থেটিক দেবেন এবং অ্যানেস্থেটিক দেওয়া বন্ধ করলে তুমি জেগে উঠবে।

আমার কীরকম লেগেছিল তা শুনতে চাও?

প্রত্যেক পৃষ্ঠায় তুমি আমাকে আমার প্রিয় খেলনা জো
জেব্রাকে খুঁজে বের করতে সাহায্য করতে পারবে?



## প্রস্তুত হওয়া

হাসপাতালে অল্প কিছু জিনিস সাথে করে নিয়ে যাওয়া ভালো আমি কয়েকটি পায়জামা, আমার টুথব্রাশ, একটি বই এবং আমার প্রিয় খেলনা নিয়েছি।




## কোনো খাবার নয়

অ্যানেস্থেটিকের সময় পেটে খালি থাকতে হবে, তাই আমি কোনোকিছু খেতে পারিনি। আমাকে পানি পান করতে হয়েছিল যাতে আমার খুব বেশি তৃষ্ণা না পায়।

# রীজ বয়োর এর অ্যানস্থেটেকি নওেয়ার গল্প



# নার্সের সাথে সাক্ষাৎ

হাসপাতালে একজন **নার্স** একটি স্কেলে আমার ওজন নিয়েছিলেন যাতে ডাক্তাররা বুঝতে পারেন যে আমাকে পরবর্তীতে কতটুকু ওষুধ দেওয়া লাগবে।

নার্স আমার তাপমাত্রা পরীক্ষা করেছিলেন এবং আমার কব্জিতে পরার জন্য আমাকে একটি নামের ব্যান্ড দিয়েছিলে যাতে সবাইকে বলতে পারেন যে আমি রীজ **বেয়ার।**






## বিভিন্ন ধরণের অ্যানেস্থেটিক

আমি আমার **অ্যানেস্থেটিস্ট** এর সাথে সাক্ষাৎ করেছিলাম। তিনিই সে ডাক্তার যিনি আমার অ্যানেস্থেটিকের সময় আমার দেখাশোনা করেছিলেন। তোমার হাতে একটি ছোটো টিউব বা একটি মাস্কের মাধ্যমে অ্যানেস্থেটিক দেওয়া শুরু হতে পারে। আমার জন্য কোনটি সবচেয়ে ভালো হয় আমরা তা নিয়ে কথা বলেছিলাম।

ছোটো টিউব লাগানোর কারণে ব্যাথা না পেতে তুমি হাতে ক্রিম লাগাতে পারো। ছোটো টিউবটির ভেতর দিয়ে অ্যানেস্থেটিক ওষুধ যায় এবং খুব দ্রুত কাজ করে।





মাস্কটির গন্ধ ফেল্ট-টিপ কলমের (মার্কার পেন) মতো এবং কাজ করতে কিছুটা বেশি সময় নেয়। মাস্ক পরার পরেও তোমাকে ওষুধ দেওয়া লাগতে পারে বিধায় তোমার হাতে একটি ছোটো টিউব লাগানো থাকতে পারে, তবে মাস্ক পরার পরে তুমি কিছু অনুভব করবে না।






## অপারেশনের সময়ের প্রায় কাছাকাছি

আমি অপারেশনের আগে কিছুক্ষণ খেলতে পেরেছিলাম। আমার নার্স আমাকে হাসপাতালের গাউন পরতে বলেছিলেন। কিছু শিশু এর বদলে পায়জামা পরছিল।

ওয়ার্ডে তোমাকে কিছু ওষুধ দেওয়া হতে পারে। এটা তোমাকে অপারেশনের পরে ব্যাথা অনুভব না করতে অথবা এর আগে ঘুমাতে সহায়তা করতে পারে।







## অ্যানস্থেটিক রুম

অ্যানেস্থেটিক রুমে **মনিটর** নামক কিছু যন্ত্র ছিল যেগুলো সবসময় আমার দেখাশোনা করতে সাহায্য করত। আমার মা অথবা বাবা বা আমার অভিভাবক আমার সাথে রুমে আসতে পারতেন।

এরপর আমি যখন ঘুমিয়ে ছিলাম তখন আমার মা-বাবা/ অভিভাবক আমার জন্য অপেক্ষা করছিলেন। আমি জানতাম তাঁরা খুব একটা দূরে ছিলেন না।






## আমার অপারেশনের সময়

আমার কিছুই মনে নেই, তবে আমার অ্যানেস্থেটিস্ট সবসময় আমার সাথে ছিলেন। তিনি আমার দেখাশোনা করেছিলেন এবং আমাকে  অ্যানেস্থেটিক দিয়েছিলেন।





## রিকভারি রুম

আমার অপারেশন শেষে অ্যানেস্থেটিস্ট আমার অ্যানেস্থেটিক ওষুধ বন্ধ করে দিয়েছিলেন যাতে আমি জেগে উঠতে পারি। আমার বাবা-মা/অভিভাবক না আসা পর্যন্ত রিকভারি রুমে একজন নার্স আমার সাথে ছিলেন।

প্রথমে সামান্য ব্যথা লেগেছিল। নার্স সাথে সাথেই আমাকে কিছু ওষুধ দিয়েছিলেন এবং আমি খুব দ্রুতই ভালো অনুভব করছিলাম।






## ক্ষুধা লাগা

আমার যখন আবার ক্ষুধা লাগা শুরু হয়েছিল, নার্স আমাকে কিছু খেতে ও পান করতে দিয়েছিলেন।

ওটা ভালো লেগেছিল।

## হাসপাতালে অবস্থান

আমাকে এক রাত হাসপাতালে থাকতে হয়েছিল।
আমার মা অথবা বাবা বা একজন অভিভাবক আমার সাথে থাকতে পেরেছিলেন।






## বাড়ি ফেরার সময়

হাসপাতালের সবাই খুব ভালো ছিলেন,
তবে বাড়ি ফেরার সময় হয়েছে দেখে আমার খুব আনন্দ লাগছিল।

তুমি কি আমার এই ছবিটিতে রঙ করতে চাও?

## টা টা!



# কোনটা কে এবং কী



## অ্যানেস্থেটিস্ট

যে ডাক্তার তোমাকে অ্যানেস্থেটিক ওষুধ দেন এবং তুমি জেগে না ওঠা পর্যন্ত তোমার দেখাশোনা করেন।

## নার্স

যারা  তোমার অপারেশনের সময় তোমার দেখাশোনা করেন।






## খেলাধুলা বিশেষজ্ঞ (প্লে স্পেশালিস্ট)

হাসপাতালে যিনি তোমাকে খেলতে এবং কী হচ্ছে বুঝতে সাহায্য করেন। সব হাসপাতালে খেলাধুলা বিশেষজ্ঞ নেই।

## অপারেটিং ডিপার্টমেন্ট প্র্যাকটিশনার (ওডিপি) এবং থিয়েটার নার্স

তুমি অ্যানেস্থেটিক নেওয়ার সময় যারা অ্যানেস্থেটিস্টকে তোমার দেখাশোনা করতে সাহায্য করেন







## থিয়েটার

হাসপাতালের যে কক্ষে অপারেশন হয় সেই কক্ষ। সবকিছুই খুব পরিচ্ছন্ন এবং ওখানে যারা কাজ করেন তাঁরা সবাই পায়জামা পরেন এবং চুল পরিপাটি রাখার জন্য টুপি পরেন।

## মনিটর

তোমার অ্যানেস্থেটিক চলার সময় তোমাকে কাছ থেকে পর্যবেক্ষণ করার জন্য একটি যন্ত্র। তোমার বুকে কিছু স্টিকার এবং আঙ্গুলে লাগানো পেগ (ক্লিপ) এর মাধ্যমে এটি তোমার হৃৎস্পন্দনের হার এবং তুমি ঠিকমতো নিঃশ্বাস নিতে পারছ কি না দেখবে।





## রিকভারি রুম বা পোস্ট-অ্যানেস্থেটিক কেয়ার ইউনিট (পিএসিইউ)

অ্যানেস্থেটিকের পরে শিশুরা যে রুমে জেগে ওঠে।

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোতভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিৎ। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিৎ নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকগণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

# রীজ বয়োর এর অ্যানস্থেটেকি নওেয়ার গল্প

# লিফলেটটি কীভাবে ব্যবহার করতে হবে



## রোগীদের জন্য তথ্য

আপনার শিশুদের সাথে পড়তে এবং তাদেরকে অ্যানেস্থেটিকের জন্য প্রস্তুত হতে সাহায্য করতে আমরা আপনার জন্য এই লিফলেটটি তৈরি করেছি। তাদের সাথে যাদের সাক্ষাৎ হবে এবং অন্যান্য যা কিছু হতে পারে, এটি সেসবের সাথে পরিচয় করিয়ে দেবে। ছবিতে থাকা ব্যক্তি বা মানুষদেরকে আপনি আপনার শিশুর সাথে হাসপাতালে যাওয়া যে কারও সাথে প্রতিস্থাপন করতে পারবেন, কারণ এটি একেক পরিবারে একেকরকম হয়। আপনি কেন আপনার শিশুকে এই গল্পটি পড়ে শোনাচ্ছেন সেটি তাকে ব্যাখ্যা করুন। তাদের কাছে এই গল্পের অর্থ কী এবং তাদের কোনো প্রশ্ন আছে কি না জানা গুরুত্বপূর্ণ।

এটা আপনার শিশুকে মনে মনে গল্পটি সাজাতে এবং পরিচিত কোনো খেলনা ব্যবহার করে যে-কোনো দুশ্চিন্তা দূর করতে সাহায্য করবে। কিছু শিশু তাদের অনুভূতিগুলো আঁকতে বা রঙ করতে চাইতে পারে।

আপনার শিশুর বয়স যদি তিন বছরের বেশি হয়, তাহলে আপনার প্রতি আমাদের পরামর্শ হলো অ্যানেস্থেটিক দেওয়ার আগের সপ্তাহজুড়ে তাকে প্রস্তুত করান। তিন বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে আমাদের পরামর্শ হলো তাদেরকে হাসপাতালে আসার আগের দিন প্রস্তুত করান। তবে আপনার শিশুর নিজস্ব বোধশক্তির বিষয়টি মাথায় রাখুন।

---

# আমরা আপনার মতামত জানতে আগ্রহী

এই লিফলেটটি আরও উন্নত করার জন্য আমরা আপনার পরামর্শ জানতে চাই। আপনার কোনো মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন : patientinformation@rcoa.ac.uk


**Royal College of Anaesthetists**
Churchill House
35 Red Lion Square
London WC1R 4SG
020 7092 1500

**rcoa.ac.uk**



### ৪র্থ সংস্করণ, এপ্রিল ২০২৩

এই লিফলেটটি প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।



**© 2023 Royal College of Anaesthetists and Association of Paediatric Anaesthetists of Great Britain and Ireland**

রোগীদের তথ্য সরবরাহের উপকরণ প্রস্তুতের জন্য এই লিফলেটটি কপি করা যেতে পারে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনো প্রকাশনার কাজে ব্যবহার করতে চান তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং ও চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্য জানতে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।



Illustrations by Amanda Lillywhite